(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ বেতার
সদর দপ্তর
৩১/১, সৈয়দ মাহবুব মোর্শেদ সরণি, শের-ই-বাংলা নগর,
আগারগাঁও, ঢাকা-১২০৭।
www.betar.gov.bd

তারিখ: ৭ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ
২০ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

**স্মারক নম্বর:** ১৫.৫৩.০০০০.০১৭.৩৮.০০৬.২২.৮১

বিষয়: **বাংলাদেশ কার্ডিওভাসকুলার রিসার্চ ফাউন্ডেশন এবং Interventional Academy, USA কর্তৃক আন্তর্জাতিক বৈজ্ঞানিক সম্মেলনের উদ্বোধন অনুষ্ঠান সরাসরি সম্প্রচার।**

আগামী ২৪ ফেব্রুয়ারি ২০২৪ খ্রি., শনিবার, সকাল ১১:০০ টায় প্যান প্যাসিফিক সোনারগাঁও হোটেল ঢাকায় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতি জনাব মোঃ সাহাবুদ্দিন বাংলাদেশ কার্ডিওভাসকুলার রিসার্চ ফাউন্ডেশন এবং Interventional Academy, USA কর্তৃক আয়োজিত ৪র্থ আন্তর্জাতিক বৈজ্ঞানিক সম্মেলনের উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন। উক্ত অনুষ্ঠান বিটিসিএল লাইন/ DSNG ভ্যান এর এর মাধ্যমে বাংলাদেশ বেতার ঢাকা-ক ৬৯৩ কিলোহার্জ, এফএম ১০৬.০ মেগাহার্জ, এবং ওয়েবসাইট www.betar.gov.bd ও মোবাইল অ্যাপ: Bangladesh Betar থেকে সরাসরি সম্প্রচার হবে।

২। অনুষ্ঠানের স্থান/ সময় পরিবর্তনের ক্ষেত্রে পরিচালক, বাংলাদেশ বেতার ঢাকা এবং সিনিয়র প্রকৌশলী, জাতীয় বেতার ভবন, মহামান্য রাষ্ট্রপতির কার্যালয় প্রেস উইং এর সাথে যোগাযোগপূর্বক অনুষ্ঠান যথাসময়ে প্রচার নিশ্চিত করবেন।

৩। অনুষ্ঠানটি প্রচারকালীন ঢাকা-ক এর পূর্বনির্ধারিত অনুষ্ঠান, সকল সংবাদ, আবহাওয়াবার্তা ও আযান মধ্যম তরঙ্গ ৮১৯ কিলোহার্জ এবং এফএম ৯২ মেগাহার্জে প্রচার হবে। ঢাকা-খ এর অনুষ্ঠানসমূহ ঢাকা-গ ১১৭০ কিলোহার্জে প্রচার হবে এবং ঢাকা-গ এর পূর্ব নির্ধারিত অনুষ্ঠান প্রচার বন্ধ থাকবে।

৪। অনুষ্ঠানটি চলাকালীন বিঘ্ন ঘটলে, সিনিয়র প্রকৌশলী, জাতীয় বেতার ভবন ও পরিচালক বাংলাদেশ বেতার ঢাকা বিঘ্নের প্রতিবেদন (কারণসহ) নিকস ফন্টে হার্ডকপি ও সফট কপি (programlivebb@gmail.com) সদর দপ্তরে প্রেরণ করবেন।

৫। অনুষ্ঠান প্রচারের জন্য সংশ্লিষ্ট ট্রান্সমিটারগুলো চালু না থাকলে অনুষ্ঠান শুরুর ১৫ মিনিট পূর্বে চালু হয়ে অনুষ্ঠান প্রচার শেষে বিরত হবে/ নিজস্ব কর্মধারায় ফিরে যাবে।

৬। অনুষ্ঠান সরাসরি সম্প্রচারের জন্য সিনিয়র প্রকৌশলী, গবেষণা ও গ্রহণ কেন্দ্র, প্যান প্যাসিফিক সোনারগাঁও হোটেল ঢাকায় দুইটি (০২) টেলিফোন লাইন (ক্যাজুয়াল) সংযোগ স্থাপনের ব্যবস্থা গ্রহণ করবেন। টেলিফোন সংক্রান্ত ব্যয় পরিচালক, বাংলাদেশ বেতার ঢাকার টেলিফোন খাত থেকে পরিশোধ হবে।

৭। উক্ত অনুষ্ঠান যথাযথভাবে রিলে হচ্ছে কিনা সে বিষয়ে পরিচালক, বাংলাদেশ বেতার ঢাকা সিনিয়র প্রকৌশলী, জাতীয় বেতার ভবন, ঢাকা এর সাথে সমন্বয় করে অনুষ্ঠানটি সুষ্ঠুভাবে প্রচার নিশ্চিত করবেন।

৮। সিনিয়র প্রকৌশলী জাতীয় বেতার ভবন, বাংলাদেশ বেতার, ঢাকা অনুষ্ঠানস্থল থেকে প্রচার কার্যক্রম সম্পাদনের যাবতীয় প্রকৌশল দায়িত্ব পালন করবেন।

৯। অনুষ্ঠান প্রচারের মাঝে ফিলার প্রচারের ক্ষেত্রে সংশ্লিষ্ট শাখা অনুমোদিত অনুষ্ঠান/ গানের তালিকা অনুসরণ করবে।

১০। অনুষ্ঠান সুষ্ঠুভাবে প্রচারের জন্য পরিচালক, বাংলাদেশ বেতার ঢাকা সংশ্লিষ্ট কর্মকর্তা/ কর্মচারীদের নিরাপত্তা পাশ সংগ্রহসহ পূর্বাহ্নে দায়িত্ব অর্পণ করবেন এবং তিনি/ তাঁর প্রতিনিধি সম্প্রচার বুথে উপস্থিত থেকে অনুষ্ঠান সম্প্রচার তত্ত্বাবধান করবেন।

১১। বর্ণিত অনুষ্ঠানের ওপর বিশেষ প্রতিবেদন (অডিও ক্লিপসহ) সংবাদে প্রচারের জন্য পরিচালক, (বার্তা), কেন্দ্রীয় বার্তা সংস্থা

প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

১২। উক্ত অনুষ্ঠান সম্প্রচারের জন্য সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারী এবং উপস্থাপক-উপস্থাপিকাগণ অনুষ্ঠান শুরুর ২ ঘন্টা পূর্বে সংশ্লিষ্ট অনুষ্ঠানস্থলে/ স্টুডিওতে উপস্থিত থাকবেন।

১৩। পরিচালক, লিয়াজোঁ, বাংলাদেশ বেতার, সদর দপ্তর এ সংক্রান্ত প্রেস বিজ্ঞপ্তি প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

১৪। আঞ্চলিক পরিচালক, বেতার প্রকাশনা দপ্তর বর্ণিত অনুষ্ঠানের সংশ্লিষ্ট বিষয়াদির ছবি পিআইডি হতে সংগ্রহপূর্বক যথাযথ ক্যাপশন ও তথ্যাদি সহ 'বেতার বাংলা'য় প্রকাশ করবেন।

১৫। মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

২২-০২-২০২৪
মোঃ ছালাহ উদ্দিন
অতিরিক্ত মহাপরিচালক (অনুষ্ঠান) ফোন:
০২-৪৪৮১৩০৬৭
adgprog@betar.gov.bd

অধ্যাপক ডা. এস এম মোস্তফা জামান, সভাপতি, বাংলাদেশ কার্ডিওভাসকুলার রিসার্চ ফাউন্ডেশন, ঢাকা।

**স্মারক নম্বর:** ১৫.৫৩.০০০০.০১৭.৩৮.০০৬.২২.৮১/১ (১১)

তারিখ: ৭ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ
২০ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মহামান্য রাষ্ট্রপতির প্রেস সচিব, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা;

২। অতিরিক্ত মহাপরিচালক (বার্তা)/ প্রধান প্রকৌশলী, বাংলাদেশ বেতার (সংশ্লিষ্ট কর্মকর্তাদের নির্দেশনা প্রদানের অনুরোধসহ) ঢাকা;

৩। পরিচালক/ সিনিয়র প্রকৌশলী, বাংলাদেশ বেতার ঢাকা/ জাতীয় বেতার ভবন, আগারগাঁও ঢাকা;

৪। অতিরিক্ত প্রধান প্রকৌশলী/ সিনিয়র প্রকৌশলী, মহাশক্তি প্রেরণ কেন্দ্র বাংলাদেশ বেতার ধামরাই/ গবেষণা ও গ্রহণ কেন্দ্র, সদর দপ্তর, আগারগাঁও, ঢাকা (দপ্তর আদেশটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ);

৫। আবাসিক প্রকৌশলী, বাংলাদেশ বেতার, উচ্চশক্তি প্রেরণ কেন্দ্র-১ ও ২ সাভার, ঢাকা/ উচ্চশক্তি প্রেরণ কেন্দ্র-৩, নওয়াপাড়া, যশোর/উচ্চশক্তি প্রেরণ কেন্দ্র-৪, কালুরঘাট, চট্টগ্রাম/উচ্চশক্তি প্রেরণ কেন্দ্র-৫, কাহালু, বগুড়া;

৬। পরিচালক, বাংলাদেশ বেতার চট্টগ্রাম/বাণিজ্যিক কার্যক্রম/ ট্রাফিক সম্প্রচার কার্যক্রম/লিয়াজোঁ/কেন্দ্রীয় বার্তা সংস্থা আগারগাঁও, ঢাকা;

৭। আঞ্চলিক পরিচালক/আঞ্চলিক প্রকৌশলী/আঞ্চলিক বার্তা নিয়ন্ত্রক, বাংলাদেশ বেতার, চট্টগ্রাম/ খুলনা/ রাজশাহী/ রংপুর/ সিলেট/ বরিশাল/ ঠাকুরগাঁও/ কক্সবাজার/রাঙামাটি/বান্দরবান/কুমিল্লা/গোপালগঞ্জ/ময়মনসিংহ ও বেতার প্রকাশনা দপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা;

৮। স্টেশন প্রকৌশলী, ট্রান্সক্রিপশন সার্ভিস, আগারগাঁও, ঢাকা/নিম্নশক্তি প্রেরণ কেন্দ্র, কল্যাণপুর, ঢাকা;

৯। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ( সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);

১০। মহাপরিচালক মহোদয়ের একান্ত সহকারী, বাংলাদেশ বেতার, সদর দপ্তর, আগারগাঁও, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য) এবং

১১। নথি।

২২-০২-২০২৪
কামাল আহমেদ
উপমহাপরিচালক (অনুষ্ঠান) ফোন:০২-৪৪৮১৩০২৯